



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউনিয়ন পরিষদ -২ শাখা  
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭.১২৪

তারিখ: ৮ আষাঢ় ১৪২৯

২২ জুন ২০২২

বিষয়: রাজবাড়ী জেলায় ইউনিয়ন পরিষদ সচিবের শূন্য পদে লোক নিয়োগ সংক্রান্ত।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী এর স্মারক নং-২৪৭, তারিখ: ০৫/০৬/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে, রাজবাড়ী জেলায় ইউনিয়ন পরিষদ সচিবের ০৩ (তিন) টি শূন্য পদে লোক নিয়োগ এবং প্যানেল সংরক্ষণের লক্ষ্যে গত ২৬/১২/২০২২ তারিখের ১৩৫নং স্মারকে জারীকৃত ছাড়পত্রের মেয়াদ নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে ০৬ (ছয়) মাস বৃদ্ধি করা হলো এবং চলমান নিয়োগ কার্যক্রমের সাথে বর্তমানে শূন্য হওয়া ইউপি সচিবের ০১ (এক) টি পদে লোক নিয়োগের জন্য অনুরোধ করা হলো।

- (ক) পত্র জারির ০৬ (ছয়) মাসের মধ্যে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে;
- (খ) নিয়োগের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ (পরিষদের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ ও চাকুরির শর্তাবলী) বিধিমালা, ২০১১ এবং এতদসংক্রান্ত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে; এবং
- (গ) নিয়োগ কার্যক্রম সম্পন্নের পর স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে।

২২-৬-২০২২

মোঃ আকবর হোসেন

উপসচিব

ফোন: ৯৫১৪১৯০

ইমেইল: lgup2@lgd.gov.bd

জেলা প্রশাসক

জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭.১২৪/১(৬)

তারিখ: ৮ আষাঢ় ১৪২৯

২২ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী।
- ৩) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫) অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) অতিরিক্ত সচিব (ইউপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মোঃ

২২-৬-২০২২

মোঃ আকবর হোসেন

উপসচিব